যুগান্তর

তারিখ 28 APR 2015
পৃষ্ঠা ১৩ কলাম ৩

# জবিতে শিক্ষিকা লাঞ্ছনার প্রতিবাদে মিছিল সমাবেশ ও মানববন্ধন

জবি প্রতিনিধি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ছাত্রলীগ নেতার হাতে লোকপ্রশাসন বিভাগের প্রভাষক লাঞ্ছিত হওয়ার প্রতিবাদে বিক্ষোভ মিছিল, সমাবেশ ও মানববন্ধন করেছে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষিকারা। সোমবার দুপুরে ক্যাম্পাসে তারা এসব কর্মসূচি পালন করে। বিক্ষোভ মিছিল শেষে মুক্তিযুদ্ধের প্রস্তুতি ভাস্কর্য চত্বরে সংক্ষিপ্ত সমাবেশে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের নেতারা জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানান। অপরদিকে শিক্ষক সমিতির জরুরি কার্যনির্বাহী সভা শেষে শহীদ মিনার চত্বরে মানববন্ধন করেছে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষিকারা। এ সময় তারা ওই ছাত্রলীগ নেতার স্থায়ী বহিষ্কারের দাবি জানান। অন্যথায় তারা কঠোর কর্মসূচি গ্রহণের হুশিয়ারি দেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোহা. আলী নূর ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আবুল হোসেন, সরকার সমর্থিত শিক্ষকদের সংগঠন নীল দলের সভাপতি অধ্যাপক মো. আশরাফুল আলম ও সাধারণ সম্পাদক ড. নূর মোহাম্মাদ।

রোববার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়ার সামনে লোকপ্রশাসন বিভাগের শিক্ষিকাকে লাঞ্ছিত করে ছাত্রলীগ নেতা আরজ মিয়া। এ ঘটনায় তাঁকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর ড. নূর মোহাম্মাদ বলেন, তদন্ত কমিটির রিপোর্টের পরিপ্রেক্ষিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।